জনগণের মুখপত্র

ভোরের দর্পণ

মঙ্গলবার

The Daily Bhorerdarpan | www.bhorerdarpan.com | DailyBhorerDarpan | bhorerdarpan.com | bhorerdarpan@gmail.com

সর্বোচ্চ উইকেট নিয়েও মোস্তাফিজ কেন পার্পল ক্যাপ পেলেন না-পৃষ্ঠা ৯ | টেকসই উন্নয়ন ও জলবায়ু কার্যক্রমের অর্থায়ন-পৃষ্ঠা ৬ | নারী শ্রমিকদের মজুরি বৈষম্য-পৃষ্ঠা ৭ | লাক্সের পরবর্তী অ্যাম্বাসেডর শাহরুখ কন্যা-পৃষ্ঠা ১০

৬ দিনের সফর শেষে প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন

বন্ধ ২৭ জেলার শিক্ষাঙ্গন

বিএনপি নেতারা 'সিম্পাথি কার্ড' খেলার অপচেষ্টা করছে

চুয়াডাঙ্গায় তাপমাত্রা ৪৩ ডিগ্রি সেলসিয়াস

১৭ অঞ্চলে ৪০ ডিগ্রির ওপরে, ঢাকায় ৪০.৩

রাজশাহীতে তৌলিংকৃত কর্মকর্তাদের প্রশিক্ষণ কর্মশালা

রাজশাহী মহানগর প্রতিনিধি : আগামী ৮ মে প্রথম ধাপে ৬৫ উপজেলা পরিষদ নির্বাচনে অনুষ্ঠিত হবে। সেই লক্ষ্যে নির্বাচনী প্রশিক্ষণ ইলেকট্রিসিটেডের আওতাধীন প্রথম ধাপে ৬৫ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে তৌলিংকৃত কর্মকর্তাদের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। শুক্রবার জেলার সোনাদাঘী সরকারি উচ্চ বিদ্যালয় ও কলেজ মিলনায়তনে কর্মশালার প্রধান অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. সাইফুর রহমান, বিশেষ অতিথি ছিলেন জেলা নির্বাহী কর্মকর্তা আতিকুল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সাইফুর রহমান, বিশেষ অতিথি ছিলেন জেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং কর্মকর্তা মো. শরিফুল ইসলাম প্রামানিক। প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক শামীম আহমেদ বলেন, ৬৫ উপজেলা পরিষদ নির্বাচনে কোনো ধরনের অরাজকীয় ছাড়া ভোটারগণ কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারবেন। আমরা সেই পরিবেশ তৈরি করে দিয়েছি। প্রশাসক, সোনাদাঘী উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে ৫ জন, ভাইস-চেয়ারম্যান পদে ২ জন মহিলা ভাইস-চেয়ারম্যান পদে ২ জন মোট ১০জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। এর মধ্যে চেয়ারম্যান পদে সোনাদাঘী পৌর আওয়ামী লীগের সভাপতি রবিউল আলম আনসার প্রার্থীকে, বেলাল উদ্দিন সোহেল দোয়াত কলম প্রতীকে, সুনন্দন দাস মোটরসাইকেল প্রতীকে এবং রাজশাহী জেলা বিএনপির (সাবেক) যুব বিষয়ক সম্পাদক সাজেদুর রহমান খান মার্কানি ঘোড়া প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করবেন। পুরুষ ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন চার জন। তারা হলেন- নাজমুল হোসেন চম্পা প্রতীকে, শফিকুল ইসলাম সরকার তালা প্রতীকে, সালমান বিল্লাহ ফতেহান টিয়া পাখি, হরেন মুর্মু প্রতীক- টিউবওয়েল। নারী ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন ২ জন। বর্তমান নারী ভাইস চেয়ারম্যান খাতুন মিলি প্রার্থীপতি প্রতীকে এবং শ্রীমতি কৃষ্ণা দেবী ফুটবল প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

উপজেলা পরিষদ নির্বাচন

হাতীবান্ধায় নেই ভোটের আমেজ

এম এ রহিম, হাতীবান্ধা (লালমনিরহাট) : উপজেলা পরিষদ নির্বাচনের তফশিল ঘোষণার পর প্রথম ধাপে লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলায় পাঁচজন চেয়ারম্যান পদে, আট জন ভাইস চেয়ারম্যান পদে (পুরুষ) তিন জন মহিলা ভাইস চেয়ারম্যান পদে মনোনয়ন দাখিল করেন। পরে যাচাই বাছাই শেষে চারজন চেয়ারম্যান পদে প্রার্থী হিসেবে বৈধতা পায়। ভাইস চেয়ারম্যান পদে (পুরুষ) সাতজন ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে তিনজন এর মনোনয়ন বৈধতা পায়। আগামী ৮ মে ব্যালট ইউনিয়নে দুই লাখ দুই হাজার ভোটার নিয়ে হাতীবান্ধা উপজেলা পরিষদে ভোট গ্রহণ হবে। গত ২৩ এপ্রিল প্রতীক বরাদ্দ পান প্রার্থীরা, প্রতীক পাওয়ার পর বেশ জোড়েশোরে মাঠে প্রচারণা চালাচ্ছেন ছোট বড়ও সকল প্রার্থী। তবে জনমনে নেই কোন ভোটের আমেজ। অনেকের ধারণা প্রচন্ড দাবদাহ দ্রব্যমূল্যের ক্রমাগত উর্ধ্বগতি মানুষকে ভোটের কাছ থেকে সরিয়ে নিয়েছে। এমতাবস্থায় প্রার্থীরা ভোটারের দ্বারে দ্বারে উষ্কার মত ছুটছেন। কেউ কেউ মসজিদ মন্দিরে পূজাসহ ইটভাটা, কৃষি খামারে গিয়ে ভোট প্রার্থনা করছেন। তবে বেশির ভাগ ভোটার বাড়ি থেকে বের হচ্ছেন না। আবার অনেক ভোটারই ভোটের প্রতি আগ্রহ হারিয়ে ফেলেছেন নানা কারণে। তারমধ্যে বিএনপি জামাত ভোট বর্জন করায় ভোটার উপস্থিতি নিয়েও রয়েছে জনমনে আশঙ্কা। বিগত দিনের মত চা দোকানে বিভিন্ন মোড়ে মোড়ে নেই কোন ভোটের আলোচনা। তাই প্রার্থীরা নির্বাচনী কাজে এগিয়ে যেতে হিমশিম খাচ্ছেন।

হাতীবান্ধা উপজেলায় তিনজন চেয়ারম্যান প্রার্থীর মধ্যে বর্তমান উপজেলা পরিষদের চেয়ারম্যান ঘোড়া মার্কার প্রার্থী মশিউর রহমান মামুন সাবেক ছাত্রলীগের হাতীবান্ধা উপজেলা শাখার সভাপতি হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেন, তিনি আ.লীগ পরিবারের সন্তান। তার পিতা আতিয়ার রহমান আতি তৎভাঙ্গা ইউনিয়নে সাবেক চেয়ারম্যান ও দীর্ঘদিন ধরে আ.লীগের নেতৃত্ব দিয়েছেন। পরে স্থানীয় সাংসদের রাজনৈতিক দ্বন্দ্বের কারণে নিষ্ক্রিয় অবস্থায় রয়েছে। অপরদিকে কাপ পিরিচ মার্কার প্রার্থী সাবেক উপজেলা চেয়ারম্যান ও হাতীবান্ধা উপজেলা আ.লীগের সভাপতি লিয়াকত হোসেন বাচ্চু ছাত্রলীগের সভাপতি যুবলীগ ও সবশেষে আ.লীগের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি রাজনৈতিক জীবনে ও উপজেলা চেয়ারম্যানের দায়িত্ব পালনকালে জনগণের সেবায় এবং এলাকার উন্নয়নে নিজেকে নিয়োজিত রেখেছেন।

এদিকে আনারস মার্কার প্রার্থী হাতীবান্ধা উপজেলার পাঠিকা পাড়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান হাতীবান্ধা উপজেলা আ.লীগের সাবেক সহ-সভাপতি মরহুম রোকন উদ্দিনের ছেলে বর্তমান চেয়ারম্যান হাতীবান্ধা উপজেলা আ.লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মজিবুল আলম সাদাতের সহধর্মিনী পাঠিকা পাড়া ইউনিয়ন আ.লীগের সাবেক সভাপতি শাহানা ফেরদৌসী সীমা। তিনি রাজনৈতিক পরিবারের দীর্ঘদিন ধরে কাজ করে জনমনে আস্থার জায়গা তৈরি করেছেন। সীমা বেগম একমাত্র নারী চেয়ারম্যান প্রার্থী হওয়ায় নতুন করে চমক দেখাতে পারেন হাতীবান্ধা উপজেলা পরিষদের ভোটের মাঠে। দিন যত যাচ্ছে সীমা বেগম ভোটারের মাঝে আস্থার জায়গা তৈরি করে নিচ্ছেন। তবে ভোটাররা কেউ মুখ খুলছেন না। তারা মনে করেন যোগ্য দেখে প্রার্থী বাচাই করে ভোট প্রদান করা হবে।

লালমনিরহাটে আ.লীগ নেতার মরদেহ উদ্ধার

লালমনিরহাট প্রতিনিধি : লালমনিরহাটের হাতীবান্ধায় উপজেলা পরিষদ নির্বাচনে স্ত্রী তার স্বামীর অপছন্দের প্রার্থীর পক্ষ নেয়ার ঘটনায় স্বামী ক্ষুব্ধ হয়ে উঠেন এবং এনিয়ে স্ত্রীকে বোঝানোর চেষ্টা করে ব্যর্থ হওয়ায় আত্মহত্যার পথ বেঁচে নেন স্থানীয় আওয়ামী লীগ নেতা মকছেদ আলী। ঘটনাটি ঘটে ৩ই উপজেলার গভিডমারী ইউনিয়নের ১নং ওয়ার্ডে। গত রোববার রাতের এমন ঘটনার পর গতকাল মকছেদ আলীর মরদেহ উদ্ধারের পর মর্গে প্রেরণ করে পুলিশ। স্থানীয়রা জানান, ওই ওয়ার্ড আ.লীগের সাধারণ সম্পাদক মকছেদ আলী উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী লিয়াকত হোসেন বাচ্চুর পক্ষে নির্বাচনী প্রচারণায় অংশ নেন।

অন্যদিকে তার স্ত্রী গভিডমারী ইউনিয়ন পরিষদের নারী সদস্য হামিদা বেগম অপর চেয়ারম্যান প্রার্থী মশিউর রহমান মামুনের নির্বাচনী প্রচারণায় অংশ নেন। এ নিয়ে হাট-বাজারে চায়ের দোকানে চলে হাসি আর ঠাট্টা। গত শনিবার রাতে বাড়ি ফিরে, স্ত্রীকে বোঝানোর চেষ্টা করেন মকছেদ আলী। এ নিয়ে শুরু হয় স্বামী-স্ত্রীর মধ্যে ঝগড়া। পরের দিন রোববার সকালে অভিমান করে বাড়ি থেকে বের হয় মকছেদ আলী এমন দাবি তার পরিবারের। এরপর রাতের কোন এক সময় তিস্তা নদীর চরে ভুট্টা ক্ষেতের মাঝে থাকা একটি আম গাছে গলায় ফাঁস ঝুলিয়ে আত্মহত্যা করে মকছেদ আলী।

পরদিন সোমবার তার ঝুলন্ত মরদেহ দেখতে পায় স্থানীয়রা। এরপর পুলিশকে খবর দিলে পুলিশ ঘটনাস্থলে

উপজেলা পরিষদ নির্বাচন
সাঘাটায় আইনশৃঙ্খলা রক্ষায় আনসার সদস্য বাছাই

সাঘাটা (গাইবান্ধা) প্রতিনিধি: ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে ভোট কেন্দ্রে আইন শৃঙ্খলা রক্ষার্থে গাইবান্ধার সাঘাটা উপজেলায় আনসার সদস্য বাছাই করা হয়েছে। এ উপলক্ষে দিনব্যাপি সদস্য তালিকা প্রণয়ন সম্পন্ন করা হয়। সোমবার দিনব্যাপী কাজী আজহার আলী উচ্চ বিদ্যালয় মাঠে এ বাছাই প্রক্রিয়া শেষ হয়। এসময় সাঘাটা উপজেলা আনসার ও ভিডিপির কর্মকর্তা সাহেনা খাতুন, সদর উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সাহিন মিয়া, সাদুল্লাপুর উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ফজিলা খাতুন, প্রশিক্ষক অমলেন্দু সাজোয়াল, আব্দুল আউয়াল, ফজলে রাব্বী রুশো উপস্থিত ছিলেন। উপজেলার ১০টি ইউনিয়নে ১শ ৩টি কেন্দ্রের জন্য পিসি ২শ ৬ জন, মহিলা সদস্য সহ প্রায় ১৩শ সদস্য বাছাই করা হয়। উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সাহেনা খাতুন বলেন, আগামী ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে শৃঙ্খলা রক্ষায় উপজেলার সম্ভাব্য ১শ ৩টি ভোট কেন্দ্রের জন্য এই আনসার ও ভিডিপি যাচাই বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হয়।

নিয়োগ বিজ্ঞপ্তি :-

সর্বশেষ সরকারি বিধি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) অনুমল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এবং ১০/০১/২০২৪ খ্রি. তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী ঠাকুরগাঁও রোড বালিকা উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও রোড, উপজেলা-ঠাকুরগাঁও সদর, জেলা-ঠাকুরগাঁও এ নিম্ন বর্ণিত শূন্য পদে শিক্ষক নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীদের নোলাপী ব্যাকে পিএলসি, ঠাকুরগাঁও সুগার মিলস শাখা, ঠাকুরগাঁও এর অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ও ০৪ কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত ফটোকপি, অভিজ্ঞতা সনদের কপি, ১ম এমপিও ও শেষ এমপিও শীটের ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সহ আগামী ১৫/০৫/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৫.০০ মিনিটের মধ্যে সরাসরি/পোষ্ট অফিসের মাধ্যমে প্রধান শিক্ষক বরাবরে আবেদন করতে হবে।

ক্র. নং	পদের নাম	পদের ধরণ	পদ সংখ্যা	বেতন স্কেল ও গ্রেডসমূহ	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
০১.	সহকারী প্রধান শিক্ষক	শূন্য পদ	০১	গ্রেড-০৮ (২৩,০০০-৫৩,৪৭০)	কীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বি এড ডিগ্রি/সমমান। সমগ্র শিক্ষা জীবনে ০১ (একটির) বেশি তৃতীয় বিভাগ/শ্রেণি সমমান গ্রহণ যোগ্য হবে না।	মাধ্যমিক/দিমু মাধ্যমিক বিদ্যালয়ে/এ নীতিমালা ১১.২৪ এ বর্ণিত ইনস্ট্রাক্টরী শিক্ষক হিসেবে এমপিও ভুক্ত পদে সর্বমোট ১০ (দশ) বছরের শিক্ষকতায় অভিজ্ঞতা।

প্রধান শিক্ষক
ঠাকুরগাঁও রোড বালিকা উচ্চ বিদ্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
www.https://trghs.edu.bd/

নিয়োগ বিজ্ঞপ্তি

১০ জানুয়ারি ২০২৪ খ্রি. পরিপত্র অনুযায়ী ব্যাচ স্কাচক নং- ৩৭.০০.০০০০.০৫৫.২০২৪-০৮২৯, ০৪৩০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের এর কার্যালয়, ঢাকা।

স্মারক নং-০১.০১.০০৯.০০০০.২০২৪-০৮২৯, ০৪৩০ তারিখ ঃ ০৩/০৪/২০২৪

যেহেতু নিম্ন তফসিলে উল্লেখিত আসামীর বিরুদ্ধে মেট্রোপলিটন পুলিশ আজী অধিকারে এবং যেহেতু স্বীকারোক্তী আসামির ১৮৯৮ এর ৮৭ ধারা এবং ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীর বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে। এবং অদ্য আসামিকে বিচারার্থে উক্ত আদালতে হাজির করিবার জন্য সমাক্তক অধিকারে বা আদালতপাশ করিয়াছে উক্ত আসামীর মোবাইল/ফোনকার এজাহারীর জন্য সম্ভাবনা নাই। এক্ষনে যেহেতু উক্ত আসামীর পক্ষে উপযুক্ত কোন কারণ দর্শানো হয় নাই, সেহেতু উক্ত আসামীর বিরুদ্ধে ফৌজদারী কার্যবিধির ৩০৯ বি (১) ধারার বিধান অনুযায়ী উক্ত আসামীর নিম্নে তফসিল আদায় নামের সাথে দৈনিক সংবাদপত্রে প্রকাশের নির্দেশ দেওয়া হইলাম ১০ দিনের মধ্যে কিন্তু এম.এম. কোর্ট - ১৮ মামলা হাজির করিবার নির্দেশ দেওয়া হইলো। অন্যথায় আমার অনুপস্থিতিতে বিচার কার্য সমাধা করা হইবে।

তফসিল

আসামীর নাম ও ঠিকানা	আদালত কর্তৃক ও মামলা
Mr. Md. "Mokbul Hossain Alias Md. Mokbul Sardar, Son of Md. Mokles Sardar, Son of Md. Mokles Sardar & Mst. Sufia Begum, Holding No-1993/1, Ward No-38, South Khasikaur, Bagerhat, Police Station-Gangni Sadar, District-Gangni, Mobile No. 01760509269	বি: আরে আমলা নং- ৮৪৬/৬/২০২৩ আমলা এম.আরে.এপ্রেটের ১-৩৮

আদেশক্রমে চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
ও আদালত কর্মকর্তা (এম. এম. শাখা)।